12

দৈনিক বাংলা

তারিখ 04 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ১

## মেধা তালিকার অধিকাংশ পররাষ্ট্র ক্যাডারে

# পঞ্চদশ বিসিএস'র ফল ঃ ১৬০ মহিলাসহ উত্তীর্ণ ৮৫৭

**কবিতা ঃ** পঞ্চদশ বিসিএস পরীক্ষায় বিভিন্ন ক্যাডারে মোট ৮৫৭ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। এর মধ্যে ১৬০ জন মহিলা। প্রথম হয়েছেন রিয়াজ হামিদুল্লাহ।

গতকাল শনিবার পঞ্চদশ বিসিএস পরীক্ষার ফলাফল

**পঞ্চদশ বিসিএস পরীক্ষার পূর্ণ ফল ৭-এর পৃষ্ঠায়**

প্রকাশিত হয়েছে। খুব শীগগীরই এদের মেডিক্যাল পরীক্ষা সম্পন্ন করে চাকরিতে নিয়োগের বিষয়টি চূড়ান্ত করা হবে। মেধা তালিকার প্রথম দশজনের মধ্যে নয়জনই বিসিএস পররাষ্ট্র ক্যাডারে মনোনীত হয়েছেন। এই ক্যাডারে মোট ১৬ জনকে মনোনীত করা হয়েছে। এদের মধ্যে চারজন মহিলাও রয়েছেন।

মহিলাদের মধ্যে সবচেয়ে বেশী প্রার্থী মনোনীত হয়েছেন স্বাস্থ্য ক্যাডারে। মোট ৭৮ জন মহিলা এই ক্যাডারে মনোনীত হন। এই পদে মোট মনোনীত প্রার্থীসংখ্যা ২৯৩ জন। সহকারী ডেন্টাল সার্জন পদে মনোনয়ন পেয়েছেন ৩৩ জন।

প্রশাসনে ১২৫ জনকে মনোনীত করা হয়েছে। এর মধ্যে মহিলারা পেয়েছেন ২৬টি আসন।

বিসিএস তথ্যের ৫৮টি পদের মধ্যে মহিলারা পেয়েছেন ৬টি পদে। আনসারের ১৮টি পদের মধ্যে মহিলারা পেয়েছেন দুটি পদ। বাংলাদেশ সিভিল সার্ভিস করে মনোনীত করা হয়েছে ৩০ জন।

(৫-এর পৃঃ দ্রঃ)

## পঞ্চদশ বিসিএস'র ফল ঃ ১৬০ মহিলাসহ উত্তীর্ণ ৮৫৭

(প্রথম পৃষ্ঠার পর)

নিরীক্ষা ও হিসাবে ২২ জন। শুল্ক ও আবগারীতে ১৫ জন। বিসিএস ডাকে মনোনয়ন পেয়েছেন ২৯ জন। কৃষিতে ৩২ জন। বিসিএস অর্থনীতিতে ৩৪ জন মনোনয়ন পেয়েছেন। সমবায়ে পেয়েছেন ৬ জন।

বিসিএস খাদ্যে পেয়েছেন ৯ জন। গণপূর্তে মোট পেয়েছেন ৩১ জন। বিসিএস সাধারণ শিক্ষায় পেয়েছেন ২৮ জন।

বিসিএস পুলিশে মনোনয়ন পেয়েছেন ৭৫ জন। এই ক্যাডারে মহিলাদের জন্য কোন পদ নেই।

বিসিএস, প্রিলিমিনারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪৮ হাজার ৩৬ জন। এর মধ্যে প্রিলিমিনারী টেস্টে কৃতকার্য প্রার্থীদের সংখ্যা ১৮ হাজার ৫শ' ১৫ জন। লিখিত পরীক্ষায় অংশ নেন ১৩ হাজার ৭৭ জন। লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীর সংখ্যা ৮ হাজার ১শ' ৯১ জন। এর মধ্যে মৌখিক পরীক্ষায় উপস্থিত প্রার্থীসংখ্যা ৭ হাজার ৯ শ' ১২ জন।

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) চেয়ারম্যান প্রফেসর এস এম এ ফায়েজ জানান, বর্তমানে পাঁচটি আবশ্যিক বিষয়সহ চৌষট্টিটি ঐচ্ছিক বিষয়ের যে লিখিত পরীক্ষা নেয়া হয়ে থাকে ভবিষ্যতে বিষয়গুলো কমিয়ে এনে সহজতর করা হবে যাতে অথবা পরীক্ষা পদ্ধতিতে জটিলতা সৃষ্টি না হয়।

পিএসসি চেয়ারম্যান আরও বলেন, সহকারী ডেন্টাল সার্জন পদে উপযুক্ত প্রার্থীর অভাবে অনেকগুলো পদ খালি রয়েছে। এছাড়াও মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত কোটা তুলে দিয়ে এটি মহিলাদের কোটায় অন্তর্ভুক্ত করার চিন্তাভাবনা চলছে। সপ্তদশ বিসিএস-এর জন্য আবেদনপত্র ইতিমধ্যে আহবান করা হয়েছে। ৫ জুন আবেদনপত্র জমা দেবার শেষ তারিখ।

এ বছর বিভিন্ন ক্যাডারে মনোনীত প্রথম দশজন প্রার্থী হচ্ছেন রিয়াজ হামিদুল্লাহ, আসাদ আলম সিয়াম, আমিনুল হক, এফ এম বোরহান উদ্দিন, জুনায়েদ ইবনে নজীব, খন্দকার মোহাম্মদ তালহা, নওরীন আহসান, রিনাতুল মওলা আহমদ জিয়াউদ্দীন রাজী, মোহাম্মদ নজরুল ইসলাম ও নূরে হেলাল সাইফুর রহমান।